

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
সরেজমিন বিভাগ
০৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৫০২.০১.১৯.৯৯৩৬

তারিখ: ১৩/০৯/২০২৩ খ্রি.


বিষয়: উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লি. এর সার্টিফিকেট মামলার প্রতিবেদন নিয়মিত প্রেরণ।

সূত্র: স্মারক নং- ৪৭.৬২.০০০০.৫০২.০১.২২৯.২০.৯৮৮৩ তারিখ: ১৮/১২/২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লি. (ইউসিসিএ) এর দীর্ঘদিনের মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ আদায়ের লক্ষ্যে সার্টিফিকেট মামলা দায়ের করা হয়। দায়েরকৃত সার্টিফিকেট মামলার তথ্য সম্বলিত প্রতিবেদন উপজেলাদপ্তর হতে সংশ্লিষ্ট উপপরিচালকের মাধ্যমে সদরদপ্তরে প্রেরণ করা হয়। প্রতিবেদনটি প্রতিমাসের ০১ তারিখের মধ্যে সদরদপ্তরের সরেজমিন বিভাগের ঋণ শাখায় প্রেরণের নির্দেশনা রয়েছে। তথাপি বিগত জুলাই/২৩ ও আগস্ট/২৩ মাসে কিনাইদহ, নড়াইল, বরগুনা, পিরোজপুর, পটুয়াখালী, ময়মনসিংহ, রাজবাড়ি, চাঁদপুর, চট্টগ্রাম ও রাঙ্গামাটি জেলাদপ্তর হতে প্রতিবেদনটি পাওয়া যায়নি যা অত্যন্ত দুঃখজনক।

এমতাবস্থায়, তার জেলায় ইউসিসিএ লি. এর সার্টিফিকেট মামলার দ্রুত নিষ্পত্তি এবং সূত্রোক্ত স্মারকে সংযুক্ত ছক মোতাবেক সার্টিফিকেট মামলার প্রতিবেদন প্রতি মাসের ০১ তারিখের মধ্যে ওয়েবমেইলে (ddcredit@brdb.gov.bd) সফট কপি প্রেরণ নিশ্চিত করার জন্য পুনরায় অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।


ফারুক আহমেদ জোয়ার্দার
যুগ্মপরিচালক (সিসিএম)
ফোন: ৮১৮০০১৩
১৩/৯/২৩

উপপরিচালক

বিআরডিবি, জেলাদপ্তর কিনাইদহ/নড়াইল/বরগুনা/পিরোজপুর/পটুয়াখালী/ময়মনসিংহ/রাজবাড়ি/চাঁদপুর/চট্টগ্রাম ও রাঙ্গামাটি।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৩। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী বিআরডিবি, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)